**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 20 September 2025** **TIME: 7:35 AM**

---

আসামের কলা সংস্কৃতি জগতের উজ্জ্বল নক্ষত্র প্রখ্যাত সঙ্গীত শিল্পী জুবিন গার্গের নশ্বর দেহ আজ রাতে গৌহাটী এসে পৌঁছনোর সম্ভাবনা রয়েছে । ড.শর্মা সিঙ্গাপুরে থাকা ভারতের হাইকমিশনারের সঙ্গে এবিষয়ে যোগাযোগ করে চলেছেন । করে গৌহাটী মহানগরের সরুসজাই স্টেডিয়ামে শায়িত রাখা হবে তাঁর দেহ । সেখানে প্রয়াত শিল্পীকে তাঁর অনুরাগীরা শ্রদ্ধাঞ্জলী জানাতে পারবেন । তবে শিল্পীর শেষকৃত্য কোথায় সম্পন্ন হবে সে বিষয়ে এখনও কোনো সিদ্ধান্ত হয়নি । গতকাল রাতে শিল্পীর কাহিলীপারার বাসভবনে শিল্পীর শোকাহত পরিবার , আত্মীয়স্বজন ও গূনমুগ্ধদের সমবেদনা জ্ঞাপন করে বেরিয়ে আসার পর মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা সাংবাদিকদের একথা জানিয়েছেন । মূখ্যমন্ত্রী জানান যে পরিবারের সঙ্গে আলোচনা করে শেষকৃত্যের স্থান চূড়ান্ত করা হবে ।

উল্লেখ্য ́ গতকাল দুপুরে সিংগাপুরে সমুদ্রে সাঁতার কাটতে গিয়ে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন জুবিন গার্গ । তাঁকে তৎক্ষনাৎ সিংগাপুর জেনেরেল

হাসপাতালে নিয়ে যাওয়া হলেও চিকিৎসকদের সব প্রয়াস ব্যর্থ করে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন । । বয়স হয়েছিল ৫৩ । তিন দশকেরও বেশী সময় ধরে অসমীয়া সঙ্গীত জগতে এক প্রকার অপ্রতিদ্বন্দী কন্ঠশিল্পী জুবিন গার্গ অসমীয়া সহ বাংলা , হিন্দি এবং আরও কয়েকটি ভারতীয় ভাষায় গান গেয়েছেন । রাজ্যের বিভিন্ন স্থানে গতকাল প্রিয় শিল্পীর প্রতি শ্রদ্ধা জানিয়ে বাতি জ্বালানো হয় । বরাক উপত্যকার বিভিন্ন স্থানেও গতকাল জুবিন গার্গের অনুরাগীরা বাতি জ্বালিয়ে শ্রদ্ধা নিবেদন করেন ।

---

জুবিন গরগের মৃত্যুতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, বিজেপি জাতীয় সভাপতি জেপি নাড্ডা, রাহুল গান্ধী, কেন্দ্রীয় মন্ত্রী সরবানন্দ সনোয়াল সহ বেশকয়েকজন কেন্দ্রীয় মন্ত্রী সহ সমাজ রাজনীতি শিল্প জগতের বিশিষ্ট জনেরা তাঁর মৃত্যুতে বিশেষ শোক জ্ঞাপন করেছেন।

---

আসাম সরকারের সাংস্কৃতিক সঞ্চালকালয় ২০২৫-২৬ বর্ষের শিল্পী পেনশন প্রকল্পের জন্য শিল্পীদের কাছ থেকে প্রয়োজনীয় প্রমাণপত্র সহ আবেদনপত্র জমা দেওয়ার আহ্বান জানিয়েছ। ইচ্ছুক শিল্পীরা www.directorculture.assam.gov.in ,www,silpisanmanassam.com এর মাধ্যমে অনলাইনে আবেদন জানাতে পারবেন । আগামী ১০ অক্টোবর অনলাইন আবেদনের শেষ দিন । উল্লেখ্য সরকার রাজ্যের সাংস্কৃতিক ক্ষেত্রে বিশেষ অবদান যোগানো

ব্যক্তিদের পেনশন , পরিবার পেনশন তথা বার্ষিক শিল্পী সম্মান প্রদান করা সহ শিল্পীদের অসচ্ছল পরিবারকে বিশেষ পেনশন প্রদান করে আসছে ।

---

কাছাড় জেলায়  সেবা সপ্তাহ পালনের অংশ হিসেবে আজ নবীন সাহিত্যিকদের জন্য বিশেষভাবে আয়োজিত হবে যুব লেখক সম্মান প্রকল্প । এছাড়া  ২২শে সেপ্টেম্বর যক্ষা রোগীদের নিক্ষয় মিত্র প্রকল্পের মাধ্যমে পুষ্টি সহায়তা প্রদান এবং ২৫শে সেপ্টেম্বর জেলাজুড়ে এক হাজার পাঁচশ ৭৫টি ভোট কেন্দ্রে অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্য্যায় শুরু হবে । পাশাপাশি  দোসরা অক্টোবর পর্যন্ত জেলায় সুস্থ নারী-সশক্ত পরিবার অভিযান পালন করা হবে ।

হাইলাকান্দি জেলায় সেবা সপ্তাহ পালনের অংশ হিসেবে আগামী ২২শে সেপ্টেম্বর এস এস কলেজে যক্ষা রোগীদের নিক্ষয় মিত্র নামক সাহায্য কর্মসূচী এবং কাটলিছড়ার এস কে রায় কলেজে শিশুদের মেগা স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছে । এরপর ২৩শে সেপ্টেম্বর এস এস কলেজে এবং বোয়ালিপারের শশীভূষন ইনষ্টিটিউট অব এডুকেশনে ধর্মীয় প্রতিষ্ঠানগুলির জন্য জমির পাট্টা বিতরন এবং ২৫শে সেপ্টেম্বর অরুণোদয়ের তৃতীয় পর্যায়ের কার্যসূচী জেলার ৬০২টি ভোট কেন্দ্রে অনুষ্ঠিত হবে । এই অনুষ্ঠানগুলিতে জেলার অভিভাবক মন্ত্রী কৃষ্ণেন্দু পাল , সাংসদ কৃপানাথ মালা সহ তিন বিধায়ক জাকির হোসেন লস্কর , সুজাম উদ্দিন লস্কর এবং নিজাম উদ্দিন চৌধুরী প্রমূখ সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।

অনুরূপভাবে শ্রীভূমি জেলায়ও সেবা সপ্তাহ পালনের অংশ হিসেবে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হচ্ছে ।

---

অবিরাম বৃষ্টির ফলে শ্রীভূমি শহরের সিভিল হাসপাতাল থেকে বি এস এন এল অফিস পর্যন্ত নটিখালের ওপরের সড়ক ক্ষতিগ্রস্ত হওয়ায় সড়কের ওই অংশে আজ সবধরণের ভারী যানবাহন চলাচল বন্ধ থাকবে । শ্রীভূমি নর্থ ও শ্রীভূমি সাউথ টেরিটরিয়াল রোড ডিভিশনের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে একথা জানিয়েছেন । ওই সড়কটির সংস্কারের কাজ চলছে তাই সিভিল হাসপাতালের দিক থেকে আসা সবধড়ণের যানবাহন পাবলিক স্কুল সড়ক এবং সুভাষ নগর ও শিববাড়ী রোড দিয়ে আসা যানবাহনকে বনমালী রোড হয়ে চলাচল করার পরামর্শ দেওয়া হয়েছে ।

---